আজকের কাগজ

তারিখ 28 AUG 1992
পৃষ্ঠা 2 কলাম ৬

# কোনো বিশ্ববিদ্যালয় দেশীয় সীমানায় সীমাবদ্ধ হতে পারে না তার কার্য ক্ষেত্র বিশ্বব্যাপী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম, মনিরুজ্জামান মিঞা ছাত্র-ছাত্রীদের প্রতি মাতৃভাষার পাশাপশি অন্যান্য বিদেশী ভাষা শিক্ষার আহ্বান জানিয়ে বলেন-বিদেশী ভাষা শিখতে পারলে বহির্বিশ্বের সঙ্গে যোগাযোগ ও জ্ঞানের আদান-প্রদান সহজসাধ্য হয় এবং বিশ্বকে বেশি করে জানা যায়। তিনি আরো বলেন যে, কোনো বিশ্ববিদ্যালয় আঞ্চলিক বা দেশীয় সীমানা দ্বারা সীমাবদ্ধ হতে পারেনা, বরং তার কার্যক্ষেত্র এবং আবেদন বিশ্বব্যাপী ও সার্বজনীন। উপাচার্য মহোদয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে ইতালি ভাষা শিক্ষার প্রসারে সহায়তাদানের জন্যে বাংলাদেশস্থ মাননীয় ইতালির রাষ্ট্রদূত ও ইতালি সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

অধ্যাপক মিঞা গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটে আয়োজিত "বেসিক ইতালিয়ান ভাষা কোর্সের" সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক এ. এইচ,এম, আবদুল হাইয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে আরও বক্তৃতা রাখেন বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশস্থ ইতালির রাষ্ট্রদূত মিঃ ক্লাডিও প্যাসিফিকো এবং কোর্স সমন্বয়কারী ডঃ ফ্রান্সিসকো জ্যানিনি।

ইতালির রাষ্ট্রদূত মিঃ প্যাসিফিকো তাঁর ভাষণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতালিয়ান ভাষা কোর্স চালু করায় সন্তোষ প্রকাশ করেন এবং এজন্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো জানান যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইতালীয় বিশ্ববিদ্যালয়সমূহের পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণের জন্যে উপাচার্যের প্রস্তাব তিনি বিবেচনা করে দেখবেন।

সভায় বক্তারা মুক্তিযুদ্ধের পরাজিতশক্রসহ সরকারি ও বিরোধী কিছু কিছু রাজনৈতিক দলের মদদপুষ্ট সন্ত্রাসীদের নজিরবিহীন সন্ত্রাস শুধু সামাজিক ভারসাম্যকে ব্যাহত করছেনা শিল্প উৎপাদনকেও বাধাগ্রস্ত করছে। সভায় অভিমত ব্যক্ত করেন ব্যবসায়ী ফজলুর রহমান খান মনা ও প্রখ্যাত রাজনৈতিক নেতা রতন সেন-এর হত্যাকারীর বিচার ও জননেতা রাশেদ খান মেননকে হত্যার উদ্দেশে গুলিবিদ্ধ করার ঘটনা উদঘাটন করার জন্যে সরকারের প্রতি জোর দাবি জানানো হয়। খবর বিজ্ঞপ্তি।